Kumudini CARES

# Kumudini Bulletin

January - April : 2026

কুমুদিনী বুলেটিন

(জানুয়ারি - এপ্রিল : ২০২৬)

## শহিদ ভবানী প্রসাদ সাহা-র জন্মদিনে শ্রদ্ধাঞ্জলি

## Tribute on the Birth Anniversary of Shaheed Bhabani Prasad Shaha



*Paying Tribute to Shaheed Bhabani Prasad Shaha, Martyr of '71, on his 82nd birth anniversary.*

ভারতেশ্বরী হোম্‌সের আয়োজনে পহেলা জানুয়ারি মির্জাপুরে উদ্‌যাপিত হয় সকলের প্রিয় রবিদা ওরফে শহিদ ভবানী প্রসাদ সাহা-র ৮২তম জন্মদিন।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন শহিদ ভবানী প্রসাদ সাহা-র স্ত্রী কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা।

অনুষ্ঠানের শুরুতে শহিদ ভবানী প্রসাদের বিদেহী আত্মার শান্তি কামনায় এক মিনিট নিরবতা পালন করা হয়। তাঁর জীবনাদর্শের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে অনুষ্ঠানের সূচনা করেন হোম্‌সের অধ্যক্ষ ড. মন্দিরা চৌধুরী।

স্মৃতিচারণ ও সাংস্কৃতিক কর্মসূচির মাধ্যমে জন্মদিনের অনুষ্ঠানটি পালিত হয়। আলোচনায় অংশ নেন বড়মা প্রতিভা মুৎসুদ্দি, অনুষ্ঠানের প্রধান অতিথি শ্রীমতী সাহা, শহিদের পুত্র রাজীব প্রসাদ সাহা, পুত্রবধূ শম্পা সাহা, পৌত্র রুদ্র প্রসাদ সাহা, পৌত্রী ঋদ্ধি সাহা প্রমুখ।

অনুষ্ঠানের শেষ পর্বে ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে।

উল্লেখ্য, দানবীর রণদা প্রসাদ সাহা-র পুত্র ভবানী প্রসাদ সাহা-র জন্ম ১৯৪৪ সালের ১ জানুয়ারি। আমাদের মহান স্বাধীনতা যুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ৭ মে তারিখে স্বাধীনতার শত্রুদের দ্বারা মাত্র ২৭ বছর বয়সে কুমুদিনী ট্রাস্টের সম্ভাবনাময় এই তরুণ তাঁর পিতাসহ চিরদিনের জন্য অপহৃত হন।

Bharateswari Homes observed the 82nd birth anniversary of Shaheed Bhabani Prasad Shaha on January 1.

The chief guest was Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust and wife of Shaheed Bhabani Prasad Shaha.

The programme began with a one-minute silence in memory of Shaheed Bhabani Prasad Shaha. Principal Dr Mondira Chowdhury paid tribute to his ideals and contributions.

The event included discussions, remembrance sessions, music, and cultural performances.

Among those present were Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha, her son Mr Rajiv Prasad Shaha, danghter-in-law Mrs Shampa Shaha, grandson Mr Rudra Prasad Shaha, and granddaughter Miss Reedhi Shaha.

Students of Bharateswari Homes performed music and dance at the end of the event.

Bhabani Prasad Shaha, son of philanthropist R. P. Shaha, was born on January 1, 1944. He and his father were abducted for ever during our Liberation War in 1971, when

# কুমুদিনী হাসপাতালে হাই ডিপেনডেন্সি ইউনিট চালু

# High Dependency Unit (HDU) Opened at Kumudini Hospital



*A patient undergoing treatment in the HDU of Kumudini Hospital.*

১৫ এপ্রিল কুমুদিনী হাসপাতালে আনুষ্ঠানিকভাবে চৌদ্দ শয্যার একটি High Dependency Unit (HDU) উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন কুমুদিনী ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন মির্জাপুর উপজেলার ইউএনও খান সালমান হাবীব, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসার ডা. এম এ হালিম, কুমুদিনী নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুজ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

হাসপাতালের HDU একটি উচ্চ নির্ভরশীলতা কেন্দ্র। অপারেশনের পর অথবা অন্য কোনো কারণে রোগীর অবস্থা যদি একটু ঝুঁকিপূর্ণ থাকে, তা হলে তাকে HDU-তে রেখে নিয়মিত মনিটরিং করা হয়। রোগীর অবস্থা বেশি সংকটাপন্ন হলে তাকে ICU বা নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে স্থানান্তর করা হয়। আবার ICU-তে রোগীর অবস্থার উন্নতি হলে HDU-তেও স্থানান্তর করা যেতে পারে। ●

On April 15, a 14-bed High Dependency Unit (HDU) was officially inaugurated at Kumudini Hospital.

The inauguration was conducted by Ms Protiva Mutsuddy, Director of Kumudini Trust.

Attendees included Mirzapur Upazila UNO Khan Salman Habib; Dr Pradip Kumar Roy, Director of Kumudini Hospital; Professor Dr M. A. Halim, Principal of Kumudini Women's Medical College; Sister Rina Cruz, Principal of Kumudini Nursing College; and other officials and staff.

The HDU is a specialized care unit for patients who require close monitoring after surgery or due to critical health conditions.

Patients whose condition worsens may be transferred to the ICU from HDU, while recovering ICU patients may also be shifted to this unit. ●

# কুমুদিনী হাসপাতালে নবজাতকদের জন্য নিবিড় পরিচর্যা কেন্দ্র উদ্বোধন

সম্প্রতি কুমুদিনী হাসপাতালে নবজাতকদের জন্য নিবিড় পরিচর্যা ইউনিট (NICU)-এর সম্প্রসারণ কাজের উদ্বোধন করা হয়। এই ইউনিটটি 'কুমুদিনী হাসপাতালে নবজাতক নিবিড় পরিচর্যা ইউনিট (NICU) সম্প্রসারণ ও চিকিৎসা সরঞ্জাম ক্রয়' প্রকল্পের আওতাভুক্ত। জাপান দূতাবাস Grant Assistance for Grass-root Human Security Projects (GGHSP) -এর মাধ্যমে প্রকল্পটির অর্থের জোগানদাতা। এই ইউনিটের মাধ্যমে হাসপাতালের এবং আশেপাশের এলাকা থেকে আগত সংকটাপন্ন

# Inauguration of Neonatal Intensive Care Unit at Kumudini Hospital

Recently, the Neonatal Intensive Care Unit (NICU) at Kumudini Hospital was inaugurated. The unit was established under the project titled "Expansion and Medical Equipment Procurement for the Neonatal Intensive Care Unit at Kumudini Hospital." Financial support for the project was provided through the Grant Assistance for Grass-roots Human Security Projects (GGHSP) of the Japanese Embassy.

Through this unit, critically ill newborns from the hospital




*MD of KWT Mr Rajiv Prasad Shaha inaugurating the Neonatal Care Unit at Kumudini Hospital.*

নবজাতকদের চিকিৎসাসেবাদানের ব্যবস্থা রাখা হয়েছে। NICU-কেন্দ্রটি আধুনিক চিকিৎসা প্রযুক্তিতে সজ্জিত। এখানে নবজাতকদের চিকিৎসার প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন ভেন্টিলেটর, ইনকিউবেটর, ওয়ার্মার, বহনযোগ্য এক্স-রে মেশিন, ফটোথেরাপি ইউনিট ইত্যাদি রয়েছে। উল্লেখ্য, প্রকল্পটি ১ নভেম্বর ২০২৫ তারিখে উদ্বোধন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

and surrounding areas will receive specialized medical treatment and care. The NICU is equipped with modern medical technology and essential equipments for neonatal treatment, including ventilators, incubators, warmers, portable X-ray machines, phototherapy units, and other facilities.

It is noteworthy that the project was inaugurated on November 1, 2025 by Mr Rajiv Prasad Shaha, Managing Director of the Kumudini Welfare Trust.

## 'টাঙ্গাইল তাঁত : ঐতিহ্যের মালিকানা ও শিল্পের সম্ভাবনা' শীর্ষক সংলাপ অনুষ্ঠানে কুমুদিনীর অংশগ্রহণ

২৮ জানুয়ারি ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলন কক্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে টাঙ্গাইলের তাঁতশিল্প বিষয়ে একটি সংলাপ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে 'টাঙ্গাইল তাঁত : ঐতিহ্যের মালিকানা ও শিল্পের সম্ভাবনা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক মাসউদ ইমরান।

## Kumudini Participates in Dialogue Programme on Tangail Handloom Heritage

On January 28, the Bangladesh National Commission for UNESCO hosted a dialogue programme titled "Tangail Saree: Ownership of Heritage and Industrial Potential" at the International Mother Language Institute in Segunbagicha, Dhaka.

টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলার পাথরাইল এলাকার তাঁতি ও তাঁতশিল্প পণ্যের ব্যবসায়ীদের উপস্থিতিতে অনুষ্ঠিত উক্ত সংলাপ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিগত অন্তর্বর্তীকালীন সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি. আর. আবরার, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগের সচিব রেহানা পারভীন প্রমুখ।

তাঁতশিল্পের পৃষ্ঠপোষক ও ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ আমন্ত্রিত হয়ে সংলাপ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এতে কুমুদিনী হ্যান্ডিক্রাফ্‌টসের পক্ষ থেকে সাদাব কাদরী ও তাপস দত্ত উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বর্তমানে টাঙ্গাইলের গুরুত্বপূর্ণ এই তাঁতশিল্পটি নানা কারণে হুমকির সম্মুখীন। এই জেলার সক্রিয় তাঁতের সংখ্যা উল্লেখযোগ্যহারে কমে যাচ্ছে। কারণগুলোর মধ্যে রয়েছে : পাওয়ার লুম ও কারখানাভিত্তিক উৎপাদনের প্রতিযোগিতা, মেশিনে তৈরি পণ্যকে 'টাঙ্গাইল' নামে বাজারজাত করা, তরুণ প্রজন্মের পেশা ত্যাগ, স্বাস্থ্যসেবা ও বাজারে সীমিত প্রবেশাধিকার ইত্যাদি। যখন জীবিকা বিলুপ্ত হয় তখন ঐতিহ্যের উত্তরাধিকারী ভেঙে পড়ে।

এই সংকটময় সময়ে কুমুদিনী ট্রাস্ট টাঙ্গাইল তাঁতশিল্পের ঐতিহ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। কুমুদিনী হাসপাতালের মাধ্যমে তাঁতি সম্প্রদায়ের জন্য নিয়মিত মেডিকেল ক্যাম্পের আয়োজন করে। কুমুদিনী হ্যান্ডিক্রাফট্‌স নৈতিক উৎপাদন, ন্যায্য অংশীদারিত্ব এবং প্রথাগত নক্‌শার প্রতি সম্মান নিশ্চিত করে। এতে কারিগররা ন্যায্য মজুরি ও বাজারে প্রবেশাধিকার পান এবং অর্থনৈতিকভাবে ক্ষমতায়িত হন। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট কারিগরদের সার্বিক কল্যাণে কাজ করে, তাদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি এবং জরুরি পরিস্থিতিতে আর্থিক সহায়তা প্রদান করে। এই সমন্বিত দৃষ্টিভঙ্গি পুরো সম্প্রদায়ের উন্নতি নিশ্চিত করে।

সংলাপ অনুষ্ঠানে আগত তাঁত শিল্পীগণ তাদের বহুমুখী সমস্যার কথা তুলে ধরেন। আর এই পণ্যের ব্যবসায়ীগণ তাদের নানাবিধ অসুবিধার কথা ব্যক্ত করেন। দেশের ঐতিহ্যবাহী এই তাঁতশিল্পকে যে কোনো মূল্যে রক্ষা করতে বক্তাগণ অঙ্গীকার করেন।

Professor Masud Imran of Jahangirnagar University delivered the keynote paper.

Artisans and traders from Delduar Upazila in Tangail attended, along with Professor Dr C. R. Abrar and Mrs Rehana Parvin, Secretary of the Secondary and Higher Secondary Division, Ministry of Education.

Representatives from organizations supporting the handloom industry also took part. Ms Sadab Kadri and Mr Tapas Dutta represented Kumudini Handicrafts.

Speakers highlighted several challenges facing the Tangail weaving industry, including growing competition from power looms and factories; machine-made products sold under the name "Tangail"; younger generations leaving the profession and limited access to healthcare and markets.

Kumudini supports the weaving community through medical camps, fair production practices, improved market access, scholarships for weavers' children, and emergency assistance.

Participants pledged to preserve the traditional weaving heritage of Bangladesh.




*Ms Sadab Kadri, representative of Kumudini Handicrafts, participated in the dialogue programme titled ''Tangail Saree : Ownership of a Hertitage and Industrial Potential" organized by the Bangladesh National Commission for UNESCO.*

# ভারতেশ্বরী হোম্‌স

## শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

## Martyrs' Day and Int'l Mother Language Day Observed



*On Martyrs' Day and International Mother Language Day, students studying at Kumudini Complex along with teachers, doctors and emplyees paying Tributes at the Shaheed Minar of Bharateswari Homes.*

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একুশে ফেব্রুয়ারি ভারতেশ্বরী হোম্‌স প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল হোম্‌স প্রাঙ্গণে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন, আলোচনা ও সঙ্গীত পরিবেশনা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতেশ্বরী হোম্‌স ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ, কুমুদিনী ট্রাস্টের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

হোম্‌সের পি পি এম হলে অনুষ্ঠিত এই অনুষ্ঠানটি হোম্‌সের অধ্যক্ষ ড. মন্দিরা চৌধুরীর স্বাগত ভাষণের মাধ্যমে শুরু হয়। শহিদ দিবসটির পটভূমি ব্যাখ্যা করে বক্তাগণ আলোচনাকালে ভাষা শহিদদের আত্মত্যাগের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

সঙ্গীত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন হোম্‌সের দুই সঙ্গীত শিক্ষক সূচনা ব্যনার্জী ও ফাল্গুনী চক্রবর্তী, কুমুদিনী মহিলা কলেজের শিক্ষার্থী কৃত্তিকা ঘোষ, অন্তরা সাহা প্রাপ্তি, পরমা রায়, পুষ্পিতা পাবোই প্রমুখ। ●

On February 21, Bharateswari Homes observed Martyrs' Day and International Mother Language Day. The programme included laying wreaths at the Shaheed Minar, observing a one-minute silence, and holding discussions and musical performances.

Students, teachers, and employees from Bharateswari Homes, Kumudini Women's Medical College, and other of Kumudini institutions attended the event.

The event began with a welcome speech by Principal Dr Mondira Chowdhury of Bharateswari Homes.

Speakers discussed the significance of the Language Movement and remembered the sacrifices of the language martyrs.

Teachers, including Ms Suchana Banerjee and Ms Falguni Chakraborty, and students, including Kritika Ghosh, Antora Saha Prapti, Parma Roy, Pushpia, and others, presented musical performances. ●

## বর্ষবরণ উৎসব : ১৪৩৩ উদ্‌যাপন

প্রতি বছরের মতো এবারও ভারতেশ্বরী হোম্‌সে নানা আয়োজনে বাংলা নববর্ষ : ১৪৩৩ উদ্‌যাপিত হয়েছে। আয়োজনের মধ্যে ছিল প্রভাতে বাঙালীর ঐতিহ্যবাহী পোষাক পরিধান করে নারী-পুরুষদের নানা রকম ফেস্টুন ও প্ল্যাকার্ডসহ মঙ্গল শোভাযাত্রা। আরও ছিল আলোচনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠান শেষে ছিল হোম্‌সের ছাত্রীদের নিজ হাতে তৈরি কারুপণ্যের মেলা। উল্লেখ্য, নববর্ষ উপলক্ষে হোম্‌সের ছাত্রীদের সাহিত্য ক্লাবের উদ্যোগে নববর্ষ : ১৪৩৩ স্মরণে প্রকাশ করা হয় দেয়াল পত্রিকা 'দেয়ালিকা'। ●

## Bengali New Year Celebration : 1433

Bharateswari Homes celebrated Bengali New Year : 1433 with various cultural activities.

Activities included traditional Bengali attire, processions and festive displays, discussions and cultural programmes, and a handicrafts fair featuring students' handmade products.

A wall magazine titled "Deyalika" was also published by the students' literature club to commemorate the occasion. ●




*Celebration of Bengali New Year :1433 at Mirzapur Kumudini Complex.*

## NSDA কর্তৃপক্ষের সঙ্গে কুমুদিনী প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের চার সদস্যের একটি প্রতিনিধি দল ৭ জানুয়ারি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA)-এর শের-এ-বাংলা নগরস্থ প্রধান অফিসে প্রতিষ্ঠানটির নির্বাহী চেয়ারম্যান (সচিব) ড. নাজনীন কাওসার চৌধুরী-র সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

সভায় স্বাস্থ্য ও ভাষা খাতে চাহিদা ভিত্তিক পাঠক্রম উন্নয়ন, মানসম্মত প্রশিক্ষণের সম্প্রসারণ এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত দক্ষতা সনদ প্রদান বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

এই সময় উপস্থিত ছিলেন NSDA-এর সদস্য, প্রশাসন ও অর্থ (যুগ্ম সচিব) মো. জোহর আলী এবং কুমুদিনী ট্রাস্টের পক্ষে গ্রুপ সিএফও মানিক কুমার সরকার, SICIP-এর প্রধান সমন্বয়কারী মোযহারুল ইসলাম, কুমুদিনী ট্রেড ট্রেনিং ইন্সটিটিউট (KTTI)-এর প্রিন্সিপাল প্রদীপ কুমার বণিক এবং ট্রাস্টের প্রজেক্ট ম্যানেজার সাদিয়া আফরোজ। ●

## Courtesy Meeting Between Kumudini Delegation and NSDA Officials

On January 7, a four-member delegation from Kumudini Welfare Trust met Dr Naznin Kawsar Chowdhury, Executive Chairman (Secretary) of the National Skills Development Authority (NSDA), at the NSDA head office in Sher-e-Bangla Nagar.

Discussion focused on developing curricula aligned with healthcare and language-sector needs, expanding quality training, and providing internationally recognized skills certification.

Attendees included NSDA Member (Administration and Finance) Mr Md. Johor Ali; Mr Manik Kumar Sarkar, Group CFO of Kumudini Trust; Mr Mozharul Islam, SICIP Chief Coordinator; Mr Pradip Kumar Banik, Principal of Kumudini Trade Training Institute (KTTI); and Mrs Sadia Afroze, Project Manager of Kumudini Trust. ●



*Mr Manik Kumar Sarker, Group CFO of KWT, presenting some publications of Kumudini Welfare Trust to the Executive Chairman of NSDA Dr Naznin Kawsar Chowdhury.*

# ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দিকে সম্মাননা জ্ঞাপন

১৮ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রাক্কালে একুশে পদকপ্রাপ্ত ভাষা সৈনিক ও ভারতেশ্বরী হোম্‌সের প্রাক্তন অধ্যক্ষ প্রতিভা মুৎসুদ্দির প্রতি একটি শিল্প প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্মাননা ও সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত প্রতিভা মুৎসুদ্দির বাসভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে দেশের প্রাচীন পেইন্ট প্রস্তুতকারক শিল্প প্রতিষ্ঠান এলিট পেইন্ট এন্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষ থেকে এই সম্মাননা জানানোর ব্যবস্থা করা হয়।

সম্মাননা জ্ঞাপনের আগে কুমুদিনী নার্সিং কলেজের একদল ছাত্রী একুশে ফেব্রুয়ারির ঐতিহ্যবাহী সঙ্গীত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' পরিবেশন করেন।

সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলিট পেইন্ট কোম্পানির হেড অব ম্যানেজমেন্ট ইকরামুল কবির, জেনারেল ম্যানেজার শায়না হক (ভারতেশ্বরী হোম্‌সের প্রাক্তন ছাত্রী), ভারতেশ্বরী হোম্‌সের প্রাক্তন শিক্ষক হেনা সুলতানা, কুমুদিনী নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুজ প্রমুখ।




*Special Tribute paid to Language Movement Veteran Ms Protiva Mutsuddy, former Principal of Bharateswari Homes, on behalf of Elite Paint & Chemical Industries Ltd.*

# Tribute to Language Movement Veteran Protiva Mutsuddy

Ahead of International Mother Language Day and Martyrs' Day, a special Tribute was paid on February 18 to language movement veteran Ms Protiva Mutsuddy, former principal of Bharateswari Homes.

Elite Paint & Chemical Industries Ltd., one of the country's oldest paint manufacturers, organized the ceremony at her residence in the Kumudini Complex.

Before the Tribute, students from Kumudini Nursing College performed the iconic song "Amar Bhayer Rokte Rangano Ekushey February."

Guests included Mr Ikramul Kabir, Head of Management at Elite Paint; Ms Shayna Haque, General Manager and former Bharateswari Homes student; Ms Hena Sultana, a former teacher; and Sister Rina Cruz, Principal of Kumudini Nursing College.

# KPL

## কুমুদিনী ফার্মা লিঃ এর নতুন ওষুধ

সম্প্রতি কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) নিজেদের প্রস্তুতকৃত চারটি নতুন ওষুধ বাজারজাত করেছে। ওষুধগুলো হলো ক্যান্ডিফান, ডেক্সিটর, ইরাফান এবং টাইমোভিস।

**ক্যান্ডিফান :** মুখে খাবার উপযোগী ৫০ মি. গ্রা. এবং ১৫০ মি. গ্রা. মাত্রার ক্যাপসুল আকৃতির এই ছত্রাকবিরোধী ওষুধটি ডাক্তারগণ মহিলাদের বিশেষ অঙ্গের চিকিৎসার জন্য প্রেসক্রাইব করে থাকেন।

**ডেক্সিটর :** মুখে খাওয়ার উপযোগী ৩০ মি. গ্রা. মাত্রার ক্যাপসুল আকৃতির এই ওষুধটি ক্ষয়জনিত অন্ননালীর প্রদাহ (Erosive Esophagitis) নিবারণে একটি কার্যকর ওষুধ।

**ইরাফান :** এটি একটি ক্রীম জাতীয় ওষুধ। ক্রীমটি ত্বকে ব্যাকটেরিয়া বা ছত্রাকের সংক্রমণে আক্রান্ত এলাকায় হাতের আঙ্গুলের সাহায্যে মৃদুভাবে ঘষে ব্যবহার করতে হয়।

## New Medicines from Kumudini Pharma Ltd

Kumudini Pharma Ltd. (KPL) recently launched four new medicines:

**Candifun :** An antifungal capsule available in 50 mg and 150 mg doses, prescribed for the treatment of certain infections in women.

**Dexitor :** A 30 mg capsule used for treating erosive esophagitis.

**Erafun :** A cream used for bacterial or fungal skin infections.


**টাইমোভিস :** এই ওষুধটি ট্যাবলেট ও সিরাপ এই দুই রূপেই বাজারজাত করা হয়েছে। এটি পরিপাকনালী, পিত্ততন্ত্র, মূত্রাশয় ও জরায়ুর অকার্যকারিতা সংক্রান্ত ব্যথার চিকিৎসায় নির্দেশিত।

বি: দ্র: সকল প্রকার ওষুধ চিকিৎসকের পরামর্শে ব্যবহার্য।

**Tymovis :** Available as both tablet and syrup, this medicine is prescribed for disorders related to digestion, bile ducts, urinary bladder, and uterine dysfunction.

Note: All medicines should be used according to a physician's advice.










# Kumudini Nursing College

## শিরাবরণ অনুষ্ঠান : নার্সদের কর্মজীবনের অগ্রযাত্রা

নার্সিং শিক্ষার্থীদের শিরাবরণ অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হয় তাদের কর্মজীবনের পথচলা। প্রতি বছরের মতো এবারও দেশের অন্যতম বেসরকারি আদর্শ নার্সিংশিক্ষা প্রতিষ্ঠান কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষার্থীদের শিরাবরণ অনুষ্ঠানটি সম্পন্ন হয় ৩০ মার্চ।

ভারতেশ্বরী হোম্‌সের পিপিএম হলে অনুষ্ঠিত এবারের অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণিবিভাগের ২১০ জন নতুন শিক্ষার্থী শিরাবরণ গ্রহণ



*Capping and Professional Oath-Taking Ceremony of 210 nursing students who studied in Kumudini Nursing College.*

## Capping Ceremony : Professional Journey of KNC Nurses

Kumudini Nursing College (KNC) held its annual capping ceremony on March 30, formally marking the start of students' nursing careers.

The ceremony took place at the PPM Hall of Bharateswari Homes. In total, 210 students received caps: 69 BSc Nursing students, 114 Diploma in Nursing

করেন। এদের মধ্যে বিএসসি নার্সিং থেকে ৬৯ জন, নার্সিং সায়েন্স ও ধাত্রীবিদ্যা বিষয়ে ডিপ্লোমাপ্রাপ্ত ১১৪ জন এবং ধাত্রীবিদ্যায় ডিপ্লোমা অর্জনকারী ২৭ জন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা। এছাড়া উপস্থিত ছিলেন কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষক ও কর্মীবৃন্দ, কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ।

শিক্ষার্থীদের শিরাবরণ পরানো ছাড়াও তাদের পেশাগত শপথ গ্রহণ, শোভাযাত্রা, মঙ্গলপ্রদীপ প্রজ্জ্বালন, নার্সদের উদ্দেশ্যে কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুজ ও বিশিষ্ট অতিথিবৃন্দের বক্তৃতা ইত্যাদি বিষয় অনুষ্ঠানে অন্তর্ভুক্ত ছিল। অনুষ্ঠানে শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালি রানী সরকার। ●

Science and Midwifery students, and 27 Diploma in Midwifery students.

The chief guests were Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha, Directors of Kumudini Welfare Trust. Teachers, staff members, and heads of institutions within the Kumudini Complex also attended.

The programme featured the professional oath-taking ceremony, processions, the lighting of ceremonial lamps, and speeches by Principal Sister Rina Cruz and other guests.

The oath was administered by Vice Principal Shefali Rani Sarkar. ●

## সাংস্কৃতিক প্রতিযোগিতা

## Cultural Competition




*Scenes from annual cultural competition.*

১৬-১৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় নার্সিং কলেজের শিক্ষার্থীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা। আনন্দ নিকেতন হলে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় ১৪টি ইভেন্টে মোট ৯৭ জন প্রতিযোগী অংশ নেন।

প্রতিযোগিতার প্রধান বিষয়গুলোর মধ্যে ছিল সঙ্গীত, নৃত্য, আবৃত্তি, অভিনয়, বিতর্ক, চিত্রাঙ্কন ইত্যাদি। ছাত্রীরা এতে এককভাবে ও দলগতভাবে অংশ নেন।

১৬ ফেব্রুয়ারি দু'দিনের এই প্রতিযোগিতা অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা ক্রুজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়। ১৭ ফেব্রুয়ারি কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালি রাণী সরকারের ভাষণের মাধ্যমে প্রতিযোগিতার সমাপ্তি ঘটে। ●

A cultural competition for Kumudini Nursing College students was held on February 16-17 at Anand Niketan Hall.

A total of 97 participants competed in 14 events. Categories included music, dance, recitation, acting, debate, and painting.

Students participated individually or in groups.

The competition was inaugurated by Principal Sister Rina Cruz. Special guest Dr Pradip Kumar Roy, Director of Kumudini Hospital, attended the event.

The closing ceremony featured remarks by Vice Principal Shefali Rani Sarkar. ●

# বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

৫ ফেব্রুয়ারি কুমুদিনী নার্সিং হোস্টেল মাঠে বিপুল উৎসাহ উদ্দীপনায় নার্সিং কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করেন কলেজের সকল শিক্ষক এবং ৩০ জন শিক্ষার্থী।

কলেজের প্রিন্সিপাল রীনা ক্রুজ-এর উদ্বোধনী ভাষণের মাধ্যমে প্রতিযোগিতা অনুষ্ঠানের সূচনা হয়। এতে বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী নার্সিং কলেজের মাস্টার অব সায়েন্স (MSN) প্রোগ্রাম-এর প্রধান সহযোগী অধ্যাপক ডা. হাইয়োক পার্ক প্রমুখ।

# Annual Sports Competition

Kumudini Nursing College (KPL) held its annual sports competition on February 5 at the Nursing Hostel field.

Teachers and 30 students participated enthusiastically.

The event was inaugurated by Principal Sister Rina Cruz.

Among those present were Dr Pradip Kumar Roy, Director of Kumudini Hospital, and Associate Professor Dr Hyeok Park from the MSN programme.



*Annual sports of KNC.*

প্রতিযোগিতার বিষয়গুলোর মধ্যে ছিল ভারসাম্য দৌড় (Balance race), স্বনির্ভরতা দৌড় (Self race), বায়ুচাপের খেলা (Air Pressure Game), লং জাম্প, চাকতি নিক্ষেপ, গোলক নিক্ষেপ, সুঁইয়ে সুতা পরানো, চোখ বেঁধে হাঁড়ি ভাঙা, বেলুন ফাটানো, চামচে মার্বেল নিয়ে দৌড়, মিউজিক্যাল চেয়ার, যেমন খুশি তেমন সাজা, পিলো পাসিং ইত্যাদি।

সবশেষে কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালি সরকারের ভাষণের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। ●

Events included balance race, self race, air-pressure game, long jump, discus throw, needle threading, blindfold pot breaking, balloon bursting, marble spoon race, musical chairs, creative costume activities, and pillow passing.

The event concluded with remarks by Vice Principal Shefali Sarkar. ●



*Goodwill Visit of Mr Hoe Yun Jeong, Country Director, Asian Development Bank (ADB) to Kumudini Complex, Mirzapur.*
*– April 25, 2026*

# কুমুদিনী কমপ্লেক্সে সিএসজিজে আয়োজিত বার্ষিক সপ্তাহব্যাপী রেসিডেনশিয়াল স্কুল ২০২৬ কর্মসূচি অনুষ্ঠিত

# Week-long Annual Residential School 2026 Held at Kumudini Complex CSGJ




*Participants in the CSGJ Programme.*

বাংলাদেশ মুক্তিযুদ্ধ জাদুঘরের আওতাধীন সেন্টার ফর দ্য স্টাডি অব জেনোসাইড অ্যান্ড জাস্টিস (সিএসজিজে) কর্তৃক আয়োজিত “লার্নিং ফ্রম জেনোসাইড টুওয়ার্ডস পিস অ্যান্ড জাস্টিস” শীর্ষক একাদশ বার্ষিক রেসিডেনশিয়াল স্কুল ২০২৬ কর্মসূচি ২৪-৩০ এপ্রিল কুমুদিনী কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। ইতিহাস, মানবাধিকার ও ন্যায়বিচারের আলোকে গণহত্যা বিষয়ে জানার মাধ্যমে শান্তি ও ন্যায়চর্চা অনুধাবনের উদ্দেশ্যে সাত দিনব্যাপী এই আবাসিক কর্মসূচিটি পরিচালিত হয়।

২৪ এপ্রিল প্রথমে ঢাকায় মুক্তিযুদ্ধ জাদুঘরে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। সকাল ৯ টায় জাদুঘরে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করে অংশগ্রহণকারীরা জাদুঘরের গ্যালারি পরিদর্শনের মাধ্যমে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ, গণহত্যা ও সাধারণ মানুষের আত্মত্যাগের ইতিহাসের সঙ্গে পরিচিত হন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে জাদুঘরের ট্রাস্টি ড. সরওয়ার আলী গণহত্যাকে কেবল অতীতের ঘটনা নয় বরং বর্তমান বিশ্বে বিদ্যমান এক চলমান মানবিক সংকটময় অবস্থা হিসেবে তুলে ধরেন। আন্তর্জাতিক আইন, রাজনীতি ও সমাজবিজ্ঞানের প্রেক্ষাপটে গণহত্যার বিষয়টি ব্যাখ্যা করেন ডা. কিয়েল অ্যান্ডারসন। সিএসজিজে-এর পরিচালক ও মুক্তিযুদ্ধ জাদুঘর-এর ট্রাস্টি ও সদস্য সচিব

The eleventh annual residential school titled "Learning from Genocide Towards Peace and Justice" was organized by the Centre for the Study of Genocide and Justice (CSGJ), under the Liberation War Museum, and held from 24-30 April at the Kumudini Complex.

The seven-day residential programme was designed to promote understanding of peace and justice through learning about history, human rights, and genocide studies.

The programme formally began on 24 April with an inauguration ceremony held at the Liberation War Museum in Dhaka. Participants assembled at the museum at 9:00 a.m. and, through gallery visits, became acquainted with the history of the 1971 Liberation War, genocide, and the sacrifices of ordinary people.

In the welcome address, museum trustee Dr Sarwar Ali described genocide not merely as a historical event but as an ongoing humanitarian crisis in different parts of the world today. Dr Kiel Anderson discussed genocide from the perspectives of international law, politics, and social science. Mr Mafidul Haque, Director of CSGJ and Trustee and Member Secretary of the Liberation War Museum, emphasized the ethical responsibility of the younger

মফিদুল হক "মানবতার বিরুদ্ধে অপরাধ" প্রসঙ্গে তরুণ প্রজন্মের নৈতিক দায়বদ্ধতার বিষয়টি গুরুত্ব সহকারে উল্লেখ করেন। পরবর্তীতে রেসিডেনসিয়াল স্কুলের কাঠামো ও শিক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করেন এহসান মাজিদ মুস্তাফা। মূল সেশন শুরু হয় মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে। এখানে সূচনা বক্তব্য রাখেন ভারতেশ্বরী হোম্‌সের প্রাক্তন শিক্ষক হেনা সুলতানা। সূচনা বক্তব্যে তিনি অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র জনহিতকর কর্মকাণ্ডের ইতিহাস তুলে ধরেন।

এ বছর বাংলাদেশ ও নেপাল এর বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠান থেকে মোট ৩০ জন অংশগ্রহণকারী এই কর্মসূচিতে অংশ নেন। অংশগ্রহণকারীদের মধ্যে আইন, আন্তর্জাতিক সম্পর্ক, জেন্ডার স্টাডিজ, মানবাধিকা ও সামাজিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ও শিক্ষক এবং কুমুদিনী নার্সিং ইনস্টিটিউটের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন, যা সার্বিক কর্মসূচিকে বহুমাত্রিক ও অন্তর্ভুক্তমূলক করে তোলে। সাত দিনের এই কর্মসূচিতে একাডেমিক সেশন, প্যানেল আলোচনা, কর্মশালা, দলগত অনুশীলন, প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং ঐতিহাসিক স্থান পরিদর্শনের মাধ্যমে গণহত্যা রূপান্তরকালীন বিচার ও শান্তি শিক্ষার বিভিন্ন দিক আলোচিত হয়।

সমাপনী অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ত্রপা মজুমদার সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সিএসজিজে-এর পরিচালক ও মুক্তিযুদ্ধ জাদুঘর-এর ট্রাস্টি ও সদস্য সচিব মফিদুল হক সমাপনী বক্তব্য প্রদান করেন, পাশাপাশি অংশগ্রহণকারীরা তাঁদের অভিজ্ঞতা ও ভবিষ্যৎ অঙ্গীকার তুলে ধরেন। সক্রিয় অংশগ্রহণ, বিশ্লেষণী দক্ষতা ও ধারাবাহিক সম্পৃক্ততার স্বীকৃতিস্বরূপ জারিন তাসনিম রিমিকে একাদশ বার্ষিক রেসিডেনসিয়াল স্কুল ২০২৬-এর সেরা অংশগ্রহণকারী হিসেবে ঘোষণা করা হয় এবং সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন প্রতিযোগিতায় গ্রুপ ডি-এর নির্মিত "উইমেন ইন লিডারশিপ" শীর্ষক ক্যাম্পেইনটি সেরা হিসেবে নির্বাচিত হয়। সর্বশেষ সকল অংশগ্রহণকারী, স্বেচ্ছাসেবক ও মেন্টরদের মাঝে সার্টিফিকেট বিতরণ ও সম্মিলিত আলোকচিত্রের মাধ্যমে কর্মসূচির আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে। ●

generation regarding crimes against humanity. Mr Ehsan Majid Mustafa explained the structure and learning methods of the residential school.

Later, the next session began at the Mirzapur Kumudini Complex. The introductory speech was delivered by former Bharateswari Homes teacher Ms Hena Sultana. In her remarks, she highlighted the humanitarian initiatives and historical contributions of Kumudini Welfare Trust founder Ranada Prasad Shaha.

This year, a total of 30 participants from different universities and institutions in Bangladesh and Nepal took part in the programme. Among them were students and teachers from the departments of law, international relations, gender studies, human rights, and social sciences, as well as students from the Kumudini Nursing Institute. Their participation made the overall programme multidimensional and inclusive.

Throughout the seven-day programme, various aspects of genocide, transitional justice, and peace education were explored through academic sessions, panel discussions, workshops, group exercises, documentary screenings, and visits to historical sites.

At the closing ceremony, Museum Trustee Ms Trapa Majumdar thanked all participants. Mr Mafidul Haque, Director of CSGJ and Trustee and Member Secretary of the Liberation War Museum, delivered the concluding speech. Participants also shared their experiences and future commitments.

In recognition of active participation, analytical skills, and continuous engagement, Ms Jarin Tasnim Rimi was declared the best participant of the Eleventh Annual Residential School 2026. In the social media campaign competition, Group D's campaign titled "Women in Leadership" was selected as the best campaign.

The programme concluded formally through certificate distribution among all participants, volunteers, and mentors, followed by a group photo session. ●





***L:*** *Iftar Party during Ramadan.* ***R:*** *Eid-ul-Fitr Pryers offered by Hospital Patients at Kumundini Complex, Mirzapur.*

# R. P. SHAHA UNIVERSITY
# RPSU



*Paying Tribute on the great Independent and National Day.*
*March 26*

## Freshers' Reception: Spring 2026 Session




*A cross-section of the Freshers' Reception Programme.*

Freshers' Reception for the Spring 2026 session was held on January 17 at RPSU, welcoming our new students into R. P. Shaha University. The event was filled with enthusiasm, smiles and memorable moments marking the beginning of academic journey ahead.

Wishing all our freshers a successful, inspiring and enjoyable university life. ●

## Exchange of Greetings Between RPSU and CBNU, South Korea

On January 15, a 16-member student delegation from Chung Buk National University (CBNU), South Korea, visited Bangladesh. Near the end of their tour, they joined a friendly exchange programme with students of R. P. Shaha University (RPSU).

The "Student Meet & Greet" took place on January 22 at the Gulshan office of Kumudini Welfare Trust. Professor Seungami Park of CBNU's Department of Nursing Science represented the visiting team, while Professor Dr Sheikh Abdul Rahim, Head of the Department of Business Administration and Director of International Affairs at RPSU, represented the host university.

Both groups introduced their institutions through video and Power Point presentations.

Observers included Mr Muhammed Farooque, a member of the RPSU Board of Trustees; Mr Manik Kumar Sarkar, Group CFO of Kumudini Trust; Dr Hyeok Park, a Korean teacher at Kumudini Nursing College (KNC); Dr Seon Ung Lim, Project Manager of KOICA's Global Care Project; and students from RPSU and KNC. ●



*"Student Meet & Greet" programme among the students of RPSU and CBNU of South Korea.*

## Cultural and Educational Programme in Collaboration with Russia and RPSU

RPSU hosted the 'Cultural & Educational Programme: 30th Anniversary of the Russian - Chaina Strategic Partnership' in collaboration with the Embassy of Russia and RPSU International Affairs Division on April 20.

Ms Alexandra Khlevnoy, Director of the Russian House in Dhaka and Mr Li Shaopeng, Cultural Counselor of the Embassy of the People's Republic of China were present in the programme. Two films one from Russia and other from China were screened in the event. They were "'Red Silk"-a Russian featured film and " I Am What I Am"-a Chinese animated film.

The audience enjoyed watching the films. ●



*Participants in the programme.*

# BRAC-RPSU Awareness Programme on Combating Human Trafficking

The awareness programme "Youth Orientation to Raise Awareness on Combating Human Trafficking and People Smuggling" was held at RPSU on April 22. It was a special awareness-oriented programme organized by "BRAC Migration Program" with the financial assistance of Australian Government.




*Participants.*

Mr Md Shihabul Hossain, Deputy Manager, BRAC Migration Programme presented the Key Note. According to BRAC many people become victims of trafficking due to lack of information. To address this crisis, the four "P" approach−Prevention, Protection, Prosecution and Partnership−was emphasized. Students aged 18 to 30 were encouraged to work as "Peer Advocate". If the younger generation becomes aware, it will be possible to eliminate this darkness from our society. ●




*Annual Picnic : 2026 at a resort in Narail district.*




*RPSU and Spectrum University College, Malaysia signed a Memorandum of Agreement (MoA) for academic cooperation.*
*April 20, 2026*

# Fashion Fiesta : 2026

As a step toward fostering creative leadership in the future, the Department of Fashion and Design of RPSU organized a day long "Fashion Fiesta: 2026" in the campus on April 21.

The programme, held under the chairmanship of the department Head Associate Professor Tanzil Hasnain Moyeen Ronit was attended by VC Prof Dr Manindra Kumar Roy, Education Advisor Abu Alam Md Shaheed Khan, students, teachers, guests and others. Ms Tanzia Zaman Mithila, a model and film actress, was present as chief guest.

The programme concluded with the distribution of prizes among the students. ●



*A joyful moment of the participants in " Fashion Fiesta : 2026.*

# Pharma Carnival : 2026

Pharma Carnival : 2026 , organized by RPSU Pharma Association , was held on February 3 at the campus. Speeches, Cultural programme, games, fun activities etc. were the part of the event.

The speech session was held before the cultural segment. Following address of welcome by Anamika Datta, convenor of the programme, VC Prof Dr Manindra Kumar

Roy, Asst Prof Dr Apurba Kumar Barman, Asst Prof Maimuna Hasan and others spoke. Beside departmental teachers and students , Registrar, Student Advisor, Deans and Heads of other Departments were present as well. ●



*Inauguration of Pharma Carnival : 2026.*

## Social Responsibility of RPSU Social Welfare Club

Education can show the path to change. With this belief, RPSU Social Welfare Club organized an educational materials distribution programme among underprivileged children on January 22. Present in the event were the Club's Advisor and university teacher Muaj Ibn Sahid along with university student advisor Md Asaduzzaman. ●




*RPSU Social Welfare Club distributing educational materials among the underprivileged children.*

## Career Development Club Inaugurated

The inaugural ceremony of the RPSU Career Development Club (CDC) was held on February 18 at the multipurpose hall of the university. Vice Chancellor Prof Dr Manindra Kumar Roy, Registrar Sarker Hirendra Chandra, Deans, Heads, faculty members and students were present. CDC looks forward to creating meaningful opportunities and shaping competent future leaders. ●



*RPSU Career Development Club inaugurated.*



*Celebrating Bengali New Year : 1433.*

Kumudini CARES

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
জানুয়ারি-এপ্রিল : ২০২৬

**টিকাদান কর্মসূচি**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| পোলিও | ৪৯২ | ৬৭৪ | ১০৬ | ০ |
| টিটি | ২৪৩ | ১৪৩ | ১৬৩ | ১৮৭ |
| বিসিজি | ৯৬ | ১৯৩ | ৩১৫ | ০ |
| রুবেলা | ২৮৮ | ২৪২ | ২১৪ | ১৩০ |
| প্যান্টাভ্যালেন্ট | ৪৭২ | ৬৫৬ | ৬৬৬ | ৩১৩ |
| পিসিভি | ৩১২ | ৫৩৬ | ৫২৯ | ২৫১ |
| এফ, আই, পি, ভি | ৩২৮ | ৩৮৬ | ৪৫১ | ১১৫ |

**হাসপাতালে ভর্তিকৃত রোগী**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| ভর্তি | ৪১৭১ | ৩৯০৬ | ৪২৮৪ | ৪৯০৭ |

**বহির্বিভাগে মোট রোগী ভর্তি**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| | ৪৪২৩০ | ৪২৮৩৮ | ৪৪৬২১ | ৫৪৪০৫ |

**হাসপাতালে মৃত্যু**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| | ১৩১ | ১১৪ | ১২৩ | ১১৩ |

**অস্ত্রোপচার পরিসংখ্যান সার্জারি**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ১১৩ | ৯৬ | ৯৩ | ১৭০ |
| সেমি মেজর | ২৩ | ৩২ | ৩৩ | ৩৩ |
| মাইনর | ৪২৯ | ৪৪৪ | ৪৩৫ | ৪৬৮ |

**অর্থোপেডিক্স**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৫৩ | ৫৭ | ৬৬ | ৯৬ |
| সেমি মেজর | ৫৪ | ৩৭ | ৪২ | ৪৫ |
| মাইনর | ২৯৯ | ৩২২ | ২৪৫ | ৩৮৭ |

**ঠোঁট কাটা, তালু কাটা**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৬ | ৬ | ৯ | ১০ |

**নাক, কান, গলা**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৪৫ | ৪০ | ৪৬ | ৫৯ |
| মাইনর | ৪৬ | ৩৯ | ৫১ | ৫৮ |

**গাইনি**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৪৭ | ৪৪ | ৩৮ | ৭১ |
| সেমি মেজর | ৪৯ | ৫০ | ১৭ | ৩৪ |
| মাইনর | ০ | ০ | ৩ | ০ |

**অবস্টেট্রিক্স**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ২৬৮ | ২৩৮ | ২৪১ | ২৩৮ |
| স্বাভাবিক | ১৩৮ | ১৩৯ | ১৩১ | ১০৪ |

**চক্ষু**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ১৪৭ | ১৫৬ | ৯৭ | ২৮০ |
| অন্যান্য | ৫১ | ৪২ | ৩৪ | ৫৮ |

**দন্ত অপারেশন**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| মেজর | ৫৮ | ৫৫ | ৭৬ | ১১১ |
| সেমি মেজর | ৮২ | ১০৭ | ১০৭ | ১৫১ |
| মাইনর | ২৬ | ২২ | ২৭ | ৩১ |

**মাইনর অপারেশন**

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৭১০ | ৬৪০ | ৬৪২ | ৭৬৭ |
| আই সি ইউ | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
| | ৬৪ | ৫০ | ৫৭ | ৬৫ |
| কিডনী ডায়ালাইসিস | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
| | ৩৬৭ | ৩৪৪ | ৩৯২ | ৩৮৩ |
| এন আই সি ইউ | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
| | ২১১ | ১৮৭ | ২০৫ | ১৭৭ |

**চক্ষু শিবির**

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/১/২০২৬ | ৬৭ | ৮২ | ১৪৯ |
| মধুপুর, টাংগাইল | ১৫/১/২০২৬ | ৪৩ | ৬৯ | ১১২ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/২/২০২৬ | ৫৭ | ৬১ | ১১৮ |
| মধুপুর, টাংগাইল | ১৫/২/২০২৬ | ৩২ | ৫১ | ৮৩ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৩/২০২৬ | ৪৩ | ৫০ | ৯৩ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৩/২০২৬ | ১৯ | ১৫ | ৩৪ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৪/২০২৬ | ৯৭ | ১০৬ | ২০৩ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৪/২০২৬ | ৫৬ | ৭৭ | ১৩৩ |

# Kumudini Hospital
## Treatment Statistics
January-April : 2026

**Vaccination Programme**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Polio | 492 | 674 | 106 | 0 |
| T.T | 243 | 143 | 163 | 187 |
| B.C.G | 96 | 193 | 315 | 0 |
| Robela | 288 | 242 | 214 | 130 |
| Pantavalent | 472 | 656 | 666 | 313 |
| PCV | 312 | 536 | 529 | 251 |
| FIPV | 328 | 386 | 451 | 115 |

**Patient Admitted in Hospital**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Admission | 4171 | 3906 | 4284 | 4907 |

**Out Patient**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| | 44230 | 42838 | 44621 | 54405 |

**Patient Death in Hospital**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| | 131 | 114 | 123 | 113 |

**Operation Surgery**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 113 | 96 | 93 | 170 |
| Semi Major | 23 | 32 | 33 | 33 |
| Minor | 429 | 444 | 435 | 468 |

**Orthopaedics**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 53 | 57 | 66 | 96 |
| Semi Major | 54 | 37 | 42 | 45 |
| Minor | 299 | 322 | 245 | 387 |

**Cleft Lip, Cleft Palate**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| | 6 | 6 | 9 | 10 |

**E.N.T.**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 45 | 40 | 46 | 59 |
| Minor | 46 | 39 | 51 | 58 |

**Gynae**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 47 | 44 | 38 | 71 |
| Semi Major | 49 | 50 | 17 | 34 |
| Minor | 0 | 0 | 3 | 0 |

**Obstetrics**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 268 | 238 | 241 | 238 |
| Normal | 138 | 139 | 131 | 104 |

**Eye**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 147 | 156 | 97 | 280 |
| Others | 51 | 42 | 34 | 58 |

**Dental Operation**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Major | 58 | 55 | 76 | 111 |
| Semi Major | 82 | 107 | 107 | 151 |
| Minor | 26 | 22 | 27 | 31 |

**Minor Operation**

| | January | February | March | April |
|---|---|---|---|---|
| Out Patient | 710 | 640 | 642 | 767 |
| ICU | January | February | March | April |
| | 64 | 50 | 57 | 65 |
| Kidney Dialysis | January | February | March | April |
| | 367 | 344 | 392 | 383 |
| NICU | January | February | March | April |
| | 211 | 187 | 205 | 177 |

**Eye Camp**

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Fulbaria, Mymensingh | 7/1/2026 | 67 | 82 | 149 |
| Modhupur, Tangail | 15/1/2026 | 43 | 69 | 112 |
| Fulbaria, Mymensingh | 7/2/2026 | 57 | 61 | 118 |
| Modhupur, Tangail | 15/2/2026 | 32 | 51 | 83 |
| Fulbaria, Mymensingh | 7/3/2026 | 43 | 50 | 93 |
| Modhupur, Tangail | 15/3/2026 | 19 | 15 | 34 |
| Fulbaria, Mymensingh | 7/4/2026 | 97 | 106 | 203 |
| Modhupur, Tangail | 15/4/2026 | 56 | 77 | 133 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd